গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

**কাস্টমস অগ্রিম রুলিং (রিভিউ) নং-০২/২০২১ (সংশোধনী)**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০১৬/৭৫ তারিখ: ১৫ জুন, ২০২১ খ্রিঃ।

**বিষয় : ''Nicotine pouch (VELO)'' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র : ব্রিটিশ অ্যামেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড কর্তৃক ২৭/০১/২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন।

ব্রিটিশ অ্যামেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড নামক প্রতিষ্ঠান ''Nicotine pouch (VELO)'' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | ব্রিটিশ অ্যামেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড |
| আবেদনকারীর ঠিকানা | সত্ত্বাধিকারী, ব্রিটিশ অ্যামেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড, নিউ ডিওএইচএস রোড, মহাখালী, কাফরুল পিএস, ঢাকা-১২০৬। |
| টেলিফোন নম্বর | 0248811279-83 |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Nicotine pouch (VELO) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | তামাকবিহীন |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | হাঙ্গেরি |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 3824.99.90 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

VELO একটি তামাকবিহীন নিকেটিন পাউচ (Nicotine pouch) । এটি ঠোঁটের নীচে রাখার মাধ্যমে ব্যবহৃত হয় এবং এর নিকোটিন লালা (oral mucus) এর মাধ্যমে গ্রহণ করা হয়।

পণ্যের গঠনঃ (Composition): Pharma grade nicotine, microcrystalline cellulose fibres, sodium chloride, xylitol, water, flavor, sodium alginate, propylene glycol, sodium bicarbonate.

এর রাসায়নিক উপাদানগুলি উৎপাদনের সময় মিশ্রিত হয় এবং সেগুলি পাউচে ভর্তি করা হয়। পাউচগুলো Non-Oven material যা রাসায়নিক, যান্ত্রিক, তাপ বা solvent treatment দ্বারা একত্রে আবদ্ধ করার পর standardized length bound ফাইবার থেকে উৎপাদিত হয়। চূড়ান্ত পণ্যটি তখন ভোক্তার কাছে বিক্রয়ের জন্য পাত্রে প্যাক করা হয়।

৩। পর্যালোচনা ও সিদ্ধান্তঃ আমদানিকারকের পূর্ববর্তী একটি আবেদনের প্রেক্ষিতে এ বিষয়ে পূর্বেই একটি অগ্রিম রুলিং জারী করা হয়েছিলো যেখানে আলোচ্য পণ্যটিকে H.S Code 2403.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সিদ্ধান্ত দেয়া হয়েছিলো। পরবর্তীতে আমদানিকারন পুনরায় উক্ত সিদ্ধান্তটি রিভিউ এর জন্য আবেদন করেন। রিভিউ আবেদনের প্রেক্ষিতে পুনঃপর্যালোচনাপূর্বক পূর্বের সিদ্ধান্তই বহাল রাখা হয়। তদুপরি, গৃহীত সিদ্ধান্তের বিষয়ে অধিকতর যাচাইয়ের লক্ষ্যে WCO Secretariat এ মতামতের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরবর্তীতে, WCO হতে এ বিষয়ে একটি Advice letter (পরামর্শ পত্র) এ দপ্তর কর্তৃক গৃহীত হয় এবং উক্ত পত্রের বক্তব্যকে শ্রেণিবিন্যাসের ক্ষেত্রে যুক্তি হিসেবে ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত পত্র পর্যালোচনা করে দেখা যায় যে, আলোচ্য পণ্যটির সঠিক H.S. Code 3824.99 হবে মর্মে উক্ত সংস্থা নির্দেশনা দিয়েছে। সে মোতাবেক আলোচ্য পণ্যটির সঠিক H.S. Code 3824.99.90 নির্ধারণ করা যায়।

৪। অগ্রিম রুলিং:

ব্রিটিশ অ্যামেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড কর্তৃক আমদানিয় 'Nicotine pouch (VELO)' নামক পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), General Interpretative Rules (GIR), WCO এর পরামর্শ পত্র এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী H.S. Code 3824.99.90 এ শ্রেণীবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৩ মোতাবেক এই অগ্রিম রুলিং সংশোধনী (রিভিউ) এর সংশোধনী জারি করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

স্বাক্ষরিত
(১৫/০৬/২০২১ খ্রিঃ)
(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০১৬/৭৫ (১-৬৪) তারিখ: ১৫ জুন, ২০২১ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল)চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। সত্ত্বাধিকারী, ব্রিটিশ অ্যামেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড, নিউ ডিওএইচএস রোড, মহাখালী, কাফরুল পিএস, ঢাকা-১২০৬।

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

(মোঃ পারভেজ রেজা চৌধুরী)
দ্বিতীয় সচিব
(কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট